# জেন্ডার

# সমতা ও

# ন্যায্যতা





www.fppt.info

# সেকশন:


- তাত্ত্বিক আলোচনা
- সিডিএইচসি জেন্ডার নীতিমালা পর্যালোচনা
- দলীয় কাজ



www.fppt.info

## পূর্ব কথা:

- জেন্ডার শব্দের আভিধানিক অর্থ হচ্ছে লিঙ্গ বা সেক্স। তবে বর্তমানে জেন্ডার মানে লিঙ্গ নয়। এর ব্যবহারের ক্ষেত্রে ব্যাপক পরিবর্তন হয়েছে।
- ঐতিহাসিকভাবে দেখা যায় যে, নারী ও পুরুষের মধ্যে কাজ এবং ক্ষমতার বিভাজন বা সম্পর্কের ভিত্তিতে জেন্ডারের ধারণা সৃষ্টি হয়েছে, যা পুরুষ নারীর তুলনায় উত্তম-- এ ধারণাটি সমাজে প্রতিষ্ঠিত করেছে।
- বাংলাদেশে একসময় সেক্স ও জেন্ডার- উভয়ক্ষেত্রেই লিঙ্গ শব্দটি ব্যবহার করা হলেও বর্তমানে অর্থগত দিক দিয়ে ভিন্নতা বহন করায় সেক্সের প্রতিশব্দ হিসেবে লিঙ্গ এবং জেন্ডারের জন্য আলাদা কোনো প্রতিশব্দ ব্যবহার না করে জেন্ডার শব্দটি হুবহু ব্যবহার করা হচ্ছে।
- সুতরাং শারীরিক বা জৈবিক বৈশিষ্ট্যের সাথে সম্পর্কিত কোনো আলোচনায় লিঙ্গ এবং এর বাইরের সব ধরনের আলোচনায় জেন্ডার শব্দটি ব্যবহার করা হয়।
- **তাই জেন্ডার কী তা জানার আগে জেন্ডার ও সেক্স পদ দুইটির মধ্যে পার্থক্য জানা খুবই গুরুত্বপূর্ণ।**



www.fppt.info

## সেক্স কী? (What is Sex)

- সেক্স হলো একজন মানুষের জন্মগতভাবে নির্ধারিত জৈবিক অবস্থা বা কাঠামো যার মাধ্যমে নারী ও পুরুষের শারীরিক গঠন আলাদা হয়ে থাকে, যা মানুষ সৃষ্টি করতে পারে না। যেমন- নারী গর্ভধারণ করে, পুরুষ সন্তান জন্মদান করে ইত্যাদি।



www.fppt.info

## জেন্ডার কী? (What is Gender)

- জেন্ডার সামাজিক, সাংস্কৃতিক ও মনস্তাত্ত্বিকভাবে নারী পুরুষের মধ্যকার সম্পর্ক নির্দেশ করে।
- সহজ কথায়, সমাজে একজন নারী বা পুরুষ কী করতে পারবে এবং কী করতে পারবে না, পোষাক পরিচ্ছদ, চলাফেরা কেমন হবে সমাজ কর্তৃক তা নির্ধারণ করে দেওয়াই হচ্ছে জেন্ডার।



www.fppt.info

# জেন্ডার সমতা কি? (Gender Equality)

- নারী-পুরুষ নির্বিশেষে সকলের মধ্যে **সম্পদের অধিকার, মর্যাদা ও সুযোগ-সুবিধার সমবন্টন করাই** হলো জেন্ডার সমতা।



www.fppt.info

# জেন্ডার ন্যায্যতা কি? (Gender Equity)

- জেন্ডার ন্যায্যতা হলো মূলত সামাজিক দৃষ্টিভঙ্গিগত ব্যাপার, যেখানে নারী-পুরুষ নির্বিশেষে সকলের **চাহিদা ও সুযোগ-সুবিধা সমানভাবে উপলব্ধি করা হয় এবং তা বাস্তবায়ন করা হয়।**



www.fppt.info

# জেন্ডার বৈষম্যের কারন (Cause of Gender Dissimilation)

- গতানুগতিক মূল্যবোধ ধারণ করা,
- সাক্ষরতার নিম্নহার ও নিম্নমানের শিক্ষা,
- সচেতনতার অভাব,
- কর্তৃপক্ষের যথাযথ নির্দেশনার অভাব,
- পারিবারিক দায়িত্বের বোঝা,
- সামাজিক দৃষ্টিভঙ্গি



www.fppt.info

## জেন্ডার বৈষম্যের ফলাফল ( Effect of Gender Dissimilation)

- বাল্য বিবাহ হয়,
- অধিক সন্তান জন্মদান,
- স্বাস্থ্যহীনতা ও পুষ্টিহীনতায় ভোগে,
- শিক্ষার সমান সুযোগ পায় না,
- শ্রমের মজুরী কম পায়,
- নির্যাতনের শিকার হয়,
- নিজ সম্পদের উপর অধিকার হারায়,
- মতামত প্রকাশ করতে পারে না।
- সভ্যতার বিকাশ হয় না।



www.fppt.info

## মূলধারায় জেন্ডার অন্তর্ভুক্তকরণ (Gender Mainstreaming)

- রাষ্ট্র তথা মূলধারার নীতি নির্ধারণী সংস্থা ও ব্যবস্থায় জেন্ডার বিষয়গুলো অন্তর্ভুক্ত করা,
- প্রতিষ্ঠানের কর্মসূচি এবং কাঠামোতে নারী উন্নয়ন ও তাদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়সমূহ অন্তর্ভুক্ত করা,
- প্রতিষ্ঠানের সদস্যদের মধ্যে জেন্ডার বিষয়ে সচেতনতা সৃষ্টি করা এবং প্রতিষ্ঠানের সকল কর্মকাণ্ডে জেন্ডার সমতা রক্ষা করা



www.fppt.info

# সিডিএইচসি জেন্ডার নীতিমালা

**জেন্ডার সম্পৃক্ত করণের ক্ষেত্রসমুহঃ**

**ক) সংগঠনের নীতিমালাঃ**

- শ্রম বিভাজন থেকে সৃষ্ট জেন্ডার ইস্যুগুলো সংগঠনের নীতিমালায় নিয়ে আসা। যেমন-মাতৃত্ব ও পিতৃত্বকালিন ছুটি, পলিসি লেভেলে নারীদের অংশগ্রহণ, নারীর উপযোগী কর্ম পরিবেশ নিশ্চিত করা, নারীর মর্যাদা হানীকর কাজের জন্য শাস্তির ব্যবস্থা করা, নারী কর্মীদের জন্য প্রয়োজন অনুসারে সহনীয় কাজের ব্যবস্থা অনুসরণ করা হবে।

**খ) সংগঠনের মূল্যবোধঃ**

- সকল কর্মী একে অপরের প্রতি শ্রদ্ধাশীল থাকবে
- নারী সহকর্মীদের প্রতি ইতিবাচক আচরণ প্রদর্শন করা
- নারী পুরুষের সমতায় বিশ্বাস করা



www.fppt.info

# সিডিএইচসি জেন্ডার নীতিমালা

**জেন্ডার সম্পৃক্ত করণের ক্ষেত্রসমুহঃ**

## গ) সংগঠনের কাঠামোঃ

- সংগঠনের জেন্ডার ইস্যুতে সিদ্ধান্ত গ্রহণের জন্য নির্দিষ্ট কমিটি থাকবে। কমিটিতে নারী ও পুরুষ কর্মীরা অন্তর্ভুক্ত থাকবে।
- সংগঠনের কাজের ক্ষেত্রে নারী এবং পুরুষের কাজ আলাদা-এরকম কোন বিভাজন থাকবে না, পদ অনুযায়ী দায়িত্ব কর্মীদের মধ্যে বন্টন করা হবে
- সংস্থার সকল স্তরে নারীর সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করা।



www.fppt.info

# সিডিএইচসি জেন্ডার নীতিমালা

**জেন্ডার সম্পৃক্ত করণের ক্ষেত্রসমুহঃ**

**ঘ) কর্মী নিয়োগঃ**

- সংগঠনের নারী কর্মীদের সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে পদক্ষেপ গ্রহন করা হবে।
- নিয়োগ কমিটিতে নারী প্রতিনিধিত্ব অন্তর্ভুক্ত করা।

**ঙ) পদোন্নতিঃ**

- সংস্থার উচ্চ পার্যায়ে নারী কর্মীর সংখ্যা বৃদ্ধির বিষয়টি বিবেচনায় এনে নারী কর্মীর পদোন্নতির ক্ষেত্রে ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করা হবে।



www.fppt.info

# সিডিএইচসি জেন্ডার নীতিমালা

**জেন্ডার সম্পৃক্ত করণের ক্ষেত্রসমুহঃ**

**চ) কর্মী উন্নয়নঃ**

- কর্মীদের জন্য চাহিদা অনুযায়ী প্রশিক্ষণের ব্যবস্থা করা।
- প্রশিক্ষণের ক্ষেত্রে নারী কর্মীকে অগ্রাধিকার দেয়া।
- সকল কর্মীর জন্য জেন্ডার প্রশিক্ষণের ব্যবস্থা করা যাতে তারা কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে জেন্ডার ইস্যু বিবেচনায় আনতে পারে।

**ছ) বদলীঃ**

- নারী কর্মীকে বদলীর ক্ষেত্রে তার পিতা-মাতা/স্বামীর বাড়ির নিকটবর্তী স্থান ও সন্তানের পড়াশোনার বিষয়টি বিবেচনা রাখা হবে।
- গর্ভকালীন বা সন্তান জন্মের প্রথম এক বছর নারী কর্মীকে বদলীর ক্ষেত্রে তার সুবিধা অসুবিধা বিবেচনায় আনা হবে।



www.fppt.info

# সিডিএইচসি জেন্ডার নীতিমালা

**জেন্ডার সম্পৃক্ত করণের ক্ষেত্রসমুহঃ**

## জ) ছুটিঃ

- একজন নারী কর্মী চাকুরী জীবনে ২ বার মাতৃত্ব জনিত ৬ মাস পূর্ণ বেতনে ছুটি ভোগ করতে পারবে।
- একজন পুরুষ কর্মী চাকুরী জীবনে ২ বার সন্তান জন্মের পর ২০ দিন পিতৃত্বজনিত পূর্ণ বেতনে ছুটি পাবে।
- যে সকল নারী কর্মীদের ১ বছরের নীচে শিশু সন্তান রয়েছে তারা দুপুরের খাবার বিরতিতে বাসায় গিয়ে সন্তানকে বুকের দুধ খাওয়ানোর জন্য ০১ ঘন্টা সময় বেশি পাবেন।



www.fppt.info

# সিডিএইচসি জেন্ডার নীতিমালা

**জেন্ডার সম্পৃক্ত করণের ক্ষেত্রসমুহঃ**

**ঝ) ভ্রমণঃ**

- সংস্থার নিজস্ব যানবাহন ব্যবহারের ক্ষেত্রে নারী কর্মীকে অগ্রাধিকার দেয়া হবে এবং যানবাহন চালানো শেখার ক্ষেত্রে প্রয়োজনী সহযোগিতা দেয়া হবে।
- গর্ভাবস্থায় সাইকেল/মোটর সাইকেল চালানো বা দুরপাল্লার ভ্রমনের ক্ষেত্রে তার সুবিধা অসুবিধার বিষয়টি বিবেচনা করা হবে।
- অতিরিক্ত কাজের জন্য সন্ধ্যার পর নারী কর্মীদের যাতায়াতের সুবিধার্থে সংগঠনের সামর্থ্য অনুযায়ী যানবাহন ব্যবহারের ব্যবস্থা থাকবে।
- বিশেষ প্রয়োজনে নারী কর্মীর পাবলিক ট্রান্সপোর্টে একা ভ্রমণের ক্ষেত্রে সংস্থা ২ সিটের ব্যবস্থা করবে। ৫ বছরের নিচে ছোট বাচ্চা থাকলে ভ্রমণে তাকেও সঙ্গে নেয়ার বিষয়ে বিবেচনা করা হবে।

www.fppt.info


# সিডিএইচসি জেন্ডার নীতিমালা

## শাস্তির বিধানঃ

- কোন পুরুষ কর্মীর দ্বারা যদি কোন নারী কর্মী কর্মক্ষেত্রে হয়রানীর শিকার হন (যেমন- যৌন, শারীরিক বা মানসিক) তাহলে উক্ত কর্মীর বিরুদ্ধে সংস্থার চাকুরী বিধিমালা অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা (বরখাস্তকরণ) গ্রহণ করা হবে।
- প্রয়োজনে আইনানুগ ব্যবস্থাও গ্রহন করা হতে পারে।



www.fppt.info



কিছু বুজলেন?



www.fppt.info

# দলীয় কাজঃ

**প্রশ্নঃ সিডিএইচসির জেন্ডার নীতিমালা অনুসারে জেন্ডার সম্পৃক্তকরণের ক্ষেত্র কয়টি ও কি কি?**



www.fppt.info

# ধন্যবাদ



www.fppt.info